

B.A. 4th Semester (Honours) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : CC-8



2822

Time: 3 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words
as far as practicable.

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো : ২×১০=২০
- (ক) “ওরে, চারিদিকে মোর / এ কী কারাগার ঘোর—” বক্তা কে? কারাগার বলতে কী বোঝানো হয়েছে? ১+১=২
- (খ) “সে দিনের পরে গেছে কত শতবার”—কোন কবিতার অংশ? কোন দিনের কথা বলা হয়েছে? ১+১=২
- (গ) ‘দুই পাখি’ কবিতায় যে খাঁচার কথা আছে তার পরিচয় দাও। ২
- (ঘ) “হেথা মোর নবজন্ম লাভ”— বক্তা কে? ‘নব জন্মলাভ’ বলতে কী বুঝিয়েছেন? ১+১=২
- (ঙ) “শুনি সে বারতা / ছাত্রগণ মৃদুস্বরে আরম্ভিল কথা”— এখানে কার ‘বারতা’র কথা বলা হয়েছে? ‘বারতা’টি কী? ১+১=২
- (চ) ‘পৃথিবী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? কবিতাটির প্রথম চরণ উদ্ধৃত করো। ১+১=২
- (ছ) নামকবিতা কাকে বলে? তোমার পাঠ্য দুটি নামকবিতার নাম লেখো। ১+১=২
- (জ) “তেরিয়া হইয়া হাঁকিল মোল্লা—
ভালা হল দেখি লেঠা”— ‘তেরিয়া’ শব্দের অর্থ লেখো। মোল্লা তেরিয়া হল কেন? ১+১=২
- (ঝ) “সঙ্ঘ্যারাগে ঝিলিমিলি ঝিলমের বাঁকা তলোয়ার”—কোন কবিতার অংশ? এই বর্ণনা রবীন্দ্রনাথের কোন কবিতায় আছে? ১+১=২
- (ঞ) পদাতিক কবি কাকে বলা হয়? তাঁর কোন কাব্যের কোন কবিতা তোমাদের পাঠ্য? ১+১=২
- (ট) “শহরে রোজ ট্রাফিক গর্জায়”—‘ট্রাফিক’ কথাটির অর্থ কী? এটি কোন কবিতার অংশ? ১+১=২
- (ঠ) “ভাবছি, ঘুরে দাঁড়ানোই ভালো”—বক্তা কে? তাঁর ঘুরে দাঁড়াতে চাওয়ার অর্থ কী? ১+১=২
- (ড) ‘উত্তরাধিকার’ কবিতার প্রথম চরণে কবি কাকে, কী দিয়েছিলেন? ১+১=২
- (ঢ) ‘যত কিছু সুর, যা-কিছু বেসুর বাজে / মেলাবেন।’— কোন কবিতার অংশ? কথাটির অর্থ কী? ১+১=২
- (ণ) ‘একখানা হাত’ কবিতায় বর্ণিত হাতের পরিচয় দাও। ২

Please Turn Over

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৪=২০

- (ক) “আজি গুরুগৃহবাস / সমাপ্ত আমার”—বক্তা কে? তাঁর গুরুগৃহবাসের পরিচয় দাও। ১+৪=৫
- (খ) ‘আকাশ ভরে উঠত কেঁদে, “হারিয়ে গেছি আমি”’—এটি কোন কবিতার অংশ? অংশটির মর্মার্থ লেখো। ১+৪=৫
- (গ) “তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।”—কে, কাকে একথা বলেছেন? একথার তাৎপর্য আলোচনা করো। ১+৪=৫
- (ঘ) “আমি যেন সেই বাতিওয়ালা”—এটি কোন কাব্যের কোন কবিতার অংশ? বাতিওয়ালা প্রসঙ্গটির তাৎপর্য লেখো। ১+৪=৫
- (ঙ) ‘হারিয়ে’ কবিতার নিসর্গ চেতনার পরিচয় দাও। কবিতার শেষ পঙ্ক্তিটি লেখো। ৪+১=৫
- (চ) “স্বপ্নেও যে তোমার দেখা নেই।”—এখানে কার কথা বলা হয়েছে? কবির চোখে তার যে রূপ ধরা পড়ে তার পরিচয় দাও। ১+৪=৫

১০×২=২০

৩। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

- (ক) ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের অভিনব সৃষ্টি—আলোচনা করো। রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ কোন কাব্যের কবিতা? ৯+১=১০

অথবা,

‘ছেলেটা’ কবিতার কাব্যসৌন্দর্য বিচার করে গল্পরসের লক্ষণ নির্দেশ করো। এই কবিতা কোন ছন্দে লেখা? ৯+১=১০

- (খ) ‘বনলতা সেন’ কবিতার প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো। কবিতাটির স্তবক ও পঙ্ক্তি সংখ্যা লেখো। ৯+১=১০

অথবা,

“আমার সম্ভূতি স্বপ্নে থাক”—এটি কোন কবিতার পঙ্ক্তি? পঙ্ক্তিটি কবিতায় কতবার ব্যবহৃত হয়েছে কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+১+৮=১০